মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪০২
৩০/৪/১৮

একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সংগ্রহ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০২.২০১৭-২৩

তারিখঃ ১৩ বৈশাখ ১৪২৫
২৬ এপ্রিল ২০১৮

বিষয়ঃ বোরো সংগ্রহ-২০১৮ এ অভ্যন্তরীণভাবে সংগ্রহতব্য সিদ্ধ চাল এবং আতপ চালের বিভাগ, জেলা ও উপজেলা ভিত্তিক লক্ষ্যমাত্রা বিভাজন প্রেরণ।

সূত্রঃ (১) খাদ্য অধিদপ্তরের পত্র সংখ্যা- ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৮-৭৬৯ তারিখঃ ২৪.০৪.২০১৮ খ্রি.
(২) খাদ্য অধিদপ্তরের পত্র সংখ্যা- ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৮-৭৮২ তারিখঃ ৩০.০৪.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৮.০৪.২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির সভায় অভ্যন্তরীণভাবে বোরো সংগ্রহ-২০১৮ এর আওতায় ১,৫০,০০০ (এক লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন ধান, ৮,০০,০০০ (আট লাখ) মেট্রিক টন সিদ্ধ চাল ও ১,০০,০০০ (এক লাখ) মেট্রিক টন আতপ চাল সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংগ্রহ লক্ষ্যমাত্রার আওতায় ৮,০০,০০০ (আট লাখ) মেট্রিক টন সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা বিভাজন বিভাগ, জেলা ও উপজেলাভিত্তিক (কপি. সংযুক্ত) এবং ১,০০,০০০ (এক লাখ) মেট্রিক টন আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা বিভাজন শুধুমাত্র বিভাগ-ওয়ারি অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)। এছাড়া, ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা বিভাজন পরবর্তীতে প্রদান করা হবে।

২। সিদ্ধ ও আতপ চাল সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে।

(ক) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক যথাক্রমে জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি ও উপজেলা সংগ্রহ কমিটির সভাপতির সাথে যোগাযোগ করে যত দ্রুত সম্ভব জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির এবং উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা আহবান ও সংগ্রহ কাজ শুরু করার ব্যবস্থা গ্রহণ করা;

(খ) ২০১৮ সালে বোরো সংগ্রহ মৌসুমে ৮,০০,০০০ (আট লাখ) মেট্রিক টন সিদ্ধ ও ১,০০,০০০ (এক লাখ) মেট্রিক টন আতপ চাল মিলারদের নিকট থেকে সংগ্রহ করতে হবে;

(গ) সিদ্ধ চালের সংগ্রহ মূল্য প্রতিকেজি ৩৮/-(আটত্রিশ) টাকা এবং আতপ চালের সংগ্রহ মূল্য প্রতিকেজি ৩৭ (সাঁইত্রিশ) টাকা;

(ঘ) সিদ্ধ ও আতপ চাল সংগ্রহের সময়সীমা ০২ মে, ২০১৮ খ্রি. তারিখ হতে ৩১ আগস্ট, ২০১৮ খ্রি. পর্যন্ত;

(ঙ) বোরো সংগ্রহ-২০১৮ এর আওতায় সিদ্ধ ও আতপ চালের জন্য মিলারদের সাথে চুক্তির সময়সীমা ১০.০৫.২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ;

(চ) চাল ৩০ ও ৫০ কেজি ধারণক্ষম উভয় প্রকার বস্তায় সংগ্রহ করা; প্রতিটি বস্তার জামানত মূল্য ৩০ কেজি.ধারণক্ষম বস্তার ক্ষেত্রে ৬০.০০ (ষাট) টাকা ও ৫০ কেজি ধারণক্ষম বস্তার ক্ষেত্রে ৮০.০০ (আশি) টাকা নির্ধারণ করা;

(ছ) কোন মিলার চুক্তিকৃত চাল কোন কারণে ১৫ দিনের মধ্যে সররবাহ দিতে ব্যর্থ হলে পরিস্থিতি বিবেচনা করে তাকে তার আবেদন অনুযায়ী অতিরিক্ত সর্বোচ্চ ৩০ দিন সময় প্রদান করা। এ অতিরিক্ত সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে উক্ত মিলার চাল প্রদানে ব্যর্থ হলে তার বরাদ্দ বাতিল করে তার অসরবরাহকৃত সম্পূর্ণ বা আংশিক চাল অন্য সক্ষম মিলারের অনুকূলে বরাদ্দ প্রদান করা;

(জ) অটোমেটিক রাইস মিলের অনুকূলে পাক্ষিক ছাঁটাই ক্ষমতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা;

(ঝ) সরবরাহকৃত চালের মূল্য ডব্লিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট মিলারের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা;

(ঞ) সংগ্রহ নীতিমালার অনুচ্ছেদ ১৭(খ) এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটিকে সংগ্রহকরা পণ্যের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করতে হবে। এ প্রতিবেদনের তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক পাওয়া না গেলে কমিটিকে এর জন্য দায়ী করা হবে;

(ট) উল্লিখিত নির্দেশাবলীর অনুসরণে কার্যক্রম গ্রহণ করে প্রতিমাসের শেষ সপ্তাহে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবেন। প্রতিবেদনে তার নজরে আসা অধিক্ষেত্রের সংগ্রহ সংক্রান্ত অনিয়ম ও গৃহীত কার্যক্রমের বিবরণ থাকবে;

(ঠ) বোরো-২০১৮ মৌসুমে সকল লাইসেন্সধারী বৈধ ও সচল সিদ্ধ ও আতপ চালকলের সাথে চুক্তি সম্পাদন করা যাবে; এবং

(ড) হাস্কিং ও অটোমেটিক উভয় প্রকার রাইস মিলের অনুকূলে পাক্ষিক ছাঁটাই ক্ষমতার ভিত্তিতে চালের বরাদ্দ প্রদান করা হবে।

(ঢ) স্বাভাবিকভাবে বিদ্যমান নীতিমালা অনুযায়ী সকল কার্যক্রম পরিচালিত হবে; এবং

(ণ) এ ছাড়াও সংগ্রহ কার্যক্রম চলমান অবস্থায় সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসরণ করতে হবে।

২। এমতাবস্থায়, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক সিদ্ধ ও আতপ চাল সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ৩৫ (পঁয়ত্রিশ) পাতা।

৩০.০৪.২০১৮

(ড. অনিমা রাণী নাথ)
যুগ্ম-সচিব (অভ্যঃ সংগ্রহ)
ফোনঃ ৯৫১৪২৬৭

মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর
খাদ্য ভবন
১৬, আঃ গণি রোড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ
১৬, আবদুল গণি রোড়, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৮.৭৮৫(১৪) তারিখঃ ৩০/০৪/২০১৮ খ্রিঃ।

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/রংপুর/সিলেট/চট্টগ্রাম/খুলনা/বরিশাল। মন্ত্রণালয়ের পত্রের মর্মানুযায়ী বিষয়টি সকল জেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৫। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হলো।
৬। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭। মাস্টার কপি।

(মোঃ আবদুল আজিজ মোল্লা)
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।